

কৃষি বিশ্ববিদ্যালয়ে সংবর্ধনা অনুষ্ঠান

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (ময়মনসিংহ) ভাইস-চ্যান্সেলর প্রফেসর মু. মুস্তাফিজুর রহমান বলেন, শিক্ষার তৎপত্ত মনোনিয়ন নিশ্চিত করতে হলে যুগোপযোগী কোর্স কারিকুলাম প্রবর্তন ও শিক্ষাদান পদ্ধতির আধুনিকায়নের কোন বিকল্প নেই।

প্রফেসর মুস্তাফিজ সৈয়দ নজরুল ইসলাম সম্মেলন ভবনে কৃষি অনুষদের বিদ্যায়ী ও নবনিযুক্ত ডিন প্রফেসর ড. লুৎফুর রহমান এবং প্রফেসর ড. আবদুল হালিমের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে একথা বলেন। তিনি বলেন, প্রফেসর লুৎফুর রহমান ও প্রফেসর ড. আবদুল হালিম উভয়েই শিক্ষা গবেষণা ও সৃজনশীল কর্মকাণ্ডে অত্যন্ত কর্মযোগী পুরুষ। তাদের মেধা, কর্মনিষ্ঠা ও দূরদর্শিতাকে কাজে লাগিয়ে এ বিশ্ববিদ্যালয়কে আরও সামনের দিকে এগিয়ে নিয়ে যাওয়া সম্ভব হবে।

সংবর্ধনা কমিটির সভাপতি ফসল উদ্ভিদ বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. মুহাম্মদ আবদুল করিমের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন প্রফেসর ড. স. ম. আলতাফ হোসেন, বাউরেন্স পরিচালক প্রফেসর ড. মো. শাহজাহান, কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. ডব্লিউ. এম. এইচ জাইম, প্রফেসর ড. এস. এম জিয়াউল করিম, প্রক্টর প্রফেসর ড. নজরুল ইসলাম, প্রফেসর ড. মো. শাহ-ই আলম, প্রফেসর ফেরদৌস মওল, প্রফেসর ড. মো. ইসমাইল হোসেন, বিদ্যায়ী ও নবনিযুক্ত ডিন প্রফেসর ড. লুৎফুর রহমান ও প্রফেসর ড. আবদুল হালিম। সংবাদ বিজ্ঞপ্তি।